

অথচ

মেপে মেপে পা ফেলা যায় না
তাই রাত্রিদিন ভুলকাজ করে বাড়ি ফিরি
রাস্তার পাশে টান টান শুয়ে থাকা ভিখারীটাকে
দু'একটা টাকা দেবো ভেবেও ভুলে যাই রোজ রোজ
অথচ

মেপে মেপে পা ফেলা যায় না
তাই রাত্রিদিন ভুলের হিসেব করি
ছোট বেলাকার সেই ভবঘুরে গায়ক আমাকে
বেঁচে থাকার প্রেরণা দেয়
অথচ

মেপে মেপে পা ফেলা যায় না
তাই সমস্তজীবন শোকগাথার মতো
ভাবতে থাকি কি করলাম আর কি করা উচিত ছিল
বাঁচার মন্ত্র খোঁজার জন্য অনেকটা পথ হাঁটছি
অথচ

সুভদ্রা ভট্টাচার্য

